গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৭টি বিভাগের ৫৬টি জেলায় ৪৪৫ অফিস ও প্রায় ৫,৫০০ জন জনবল দ্বারা মাইক্রোফাইনান্সসহ ২৪টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৮.০০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষ্যিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ 'জিগ্যালোর' প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় এপ্রিল-জুন ২০২৩ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি'র সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' প্রথম সংখ্যায় প্রকাশ করা হয়েছে, যা প্রতি ত্রৈমাসিক ভিত্তিক প্রকাশিত হবে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।

**সম্পাদনা পরিষদ ঃ**

**সম্পাদক ঃ**

**ড. খন্দকার আলমগীর হোসেন**

**প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক**

**প্রণয়নে ঃ**

**ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক**

**মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক**

**মোঃ জিয়াউদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন**

**প্রকাশনায়ঃ**

**কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ**

**গ্রাম উন্নয়ন কর্ম (গাক)**

**গাক টাওয়ার, বনানী, বগুড়া।**

E-mail: info@guk.org.bd,

Website: www.guk.org.bd




## বগুড়ায় নাগরিক সংবর্ধনায় সিক্ত হলেন দেশ বরেণ্য অর্থনীতিবিদ পিকেএসএফ এর চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ

দেশ বরেণ্য অর্থনীতিবিদ, উন্নয়ন চিন্তাবিদ ও পরিবেশকর্মী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবিধানিক ইনস্টিটিউট 'ঢাকা স্কুল অব ইকোনমিক্স' এর সভাপতি এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ড. কাজী খলীকুজ্জমান আহমদ কে নাগরিক সংবর্ধনা প্রদান করা হয়। গত ৫ মে ২০২৩ (শুক্রবার) বগুড়ার গাবতলী উপজেলার দাঁড়াইল বাজার সংলগ্ন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রবীণ সামাজিক কেন্দ্রের মাঠে বগুড়ার নাগরিক সমাজ, এনজিও সমন্বয় পরিষদ, বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের পক্ষ হতে স্বনামধন্য এই অর্থনীতিবিদ কে সংবর্ধনা প্রদান করা হয়।

গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানের আলোচনা সভায় বক্তব্য রাখেন বাংলাদেশের খ্যাতিমান অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ। তিনি বলেন, দেশে মুক্তিযুদ্ধের চেতনায় একটি সমাজ ব্যবস্থা গঠন করতে হবে যেখানে সাম্য, মানবাধিকার, মানব মর্যাদা সমভাবে প্রতিষ্ঠিত হবে। তিনি উল্লেখ করেন পিছিয়ে থাকা দূর্বল জনগোষ্ঠী যারা উন্নয়নে অংশ নিতে পারেন না তাদেরকে এগিয়ে নিতে হবে। তিনি আরো বলেন প্রবীণরা দেশের বোঝা নয়, তাদেরকে সম্পদ হিসেবে গণ্য করতে হবে। দেশের সমাজ পরিবর্তনে এবং উন্নয়নে প্রবীণদের যথেষ্ট ভূমিকা রয়েছে। প্রবীণরা কখনো বৃদ্ধ নয়, মানসিক দিক দিয়ে অনেক সক্ষম, দেশ গঠনে তাদের সহযোগিতাও প্রয়োজন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (পিকেএসএফ), মোঃ বেলাল হোসেন, পুলিশ সুপার, ইন সার্ভিস ট্রেনিং সেন্টার, বগুড়া, অধ্যাপিকা ড. হোসনে-আরা বেগম, নির্বাহী পরিচালক, টিএমএসএস, ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপিকা ড. জাহেদা আহমদ এবং মোঃ ফারুক আহম্মেদ, চেয়ারম্যান, গাবতলী সদর ইউনিয়ন পরিষদ।

গাক'র পরিচালক (এমএফ) পঙ্কজ কুমার সরকার এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হুমায়ুন আলম চান্দু, মুক্তিযোদ্ধা কমান্ডার, গাবতলী, বগুড়া, সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, পরিচালক (এসএমএপি) আবু রায়হান মিয়া, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (আইসিটি এন্ড আরএম) রাইহানুস সাআদাত, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব) রাফিউল ইসলাম, পরামর্শক মোঃ মোবারক হোসেন তালুকদার, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন সহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১



## বগুড়ায় প্রবীণ সামাজিক কেন্দ্রের শুভ উদ্বোধন করলেন দেশ বরেণ্য অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ

দেশ বরেণ্য অর্থনীতিবিদ, উন্নয়ন চিন্তাবিদ ও পরিবেশকর্মী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবিধানিক ইনস্টিটিউট ঢাকা স্কুল অব ইকোনমিক্স এর সভাপতি এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ড. কাজী খলীকুজ্জমান আহমদ গত ৫ মে ২০২৩ (শুক্রবার) বগুড়ার গাবতলী উপজেলার দাঁড়াইল বাজার এলাকায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রবীণ সামাজিক কেন্দ্র উদ্বোধন করেন।

গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেনের সভাপতিত্বে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রবীণ সামাজিক কেন্দ্রের শুভ উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দেশ বরেণ্য স্বনামধন্য অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, দেশে মুক্তিযুদ্ধের চেতনায় একটি সমাজ ব্যবস্থা গঠন করতে হবে যেখানে সাম্য, মানবাধিকার, মানব মর্যাদা সমভাবে প্রতিষ্ঠিত হবে। তিনি বলেন, পিছিয়ে থাকা দূর্বল জনগোষ্ঠী যারা উন্নয়নে অংশ নিতে পারেন না তাদেরকে এগিয়ে নিতে হবে। তিনি আরো বলেন, প্রবীণরা দেশের বোঝা নয় তাদের সম্পদ হিসেবে গণ্য করতে হবে। দেশের সমাজ পরিবর্তনে এবং উন্নয়নে প্রবীণদের যথেষ্ট ভূমিকা রয়েছে। প্রবীণরা কখনো বৃদ্ধ নয়, মানসিক দিক দিয়ে অনেক সক্ষম, দেশ গঠনে তাদের সহযোগিতাও প্রয়োজন। এছাড়া টেকসই উন্নয়ন নিশ্চিত করতে অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ জরুরী বলে তিনি অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ জসীম উদ্দিন, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (পিকেএসএফ), মোঃ বেলাল হোসেন, পুলিশ সুপার, ইন সার্ভিস ট্রেনিং সেন্টার, বগুড়া, অধ্যাপিকা ড. হোসনে-আরা বেগম, নির্বাহী পরিচালক, টিএমএসএস, ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপিকা ড. জাহেদা আহমদ এবং মোঃ ফারুক আহম্মেদ, চেয়ারম্যান, গাবতলী সদর ইউনিয়ন পরিষদ। অতিথিবৃন্দ গাক কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন কার্যক্রেমের ভূয়সী প্রসংশা করেন।



## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি মহোদয় কর্তৃক গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর কার্যক্রম পরিদর্শন

বিগত ৫ মে ২০২৩ ইং তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ, এমপি মহোদয় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর কার্যক্রম পরিদর্শন শেষে সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় মন্ত্রী মহোদয় সংস্থার বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং সংস্থার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।



## বগুড়ার বনানীস্থ গাক টাওয়ারের পাশে অবস্থিত জিগ্যালোর এর শোরুম পরিদর্শন করেন দেশ বরেণ্য অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সম্মানিত সভাপতি ও দেশ বরেণ্য অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ গত ২ মে ২০২৩ বিকাল ৫:৩০ মিনিটে বগুড়ার বনানীস্থ গাক টাওয়ারের পাশে অবস্থিত জিগ্যালোর এর শোরুম পরিদর্শন করেন। এ সময় সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন তাঁর সহধর্মিনী অধ্যাপিকা ড. জাহেদা আহমদ এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন।

জিগ্যালোর পরিদর্শনকালে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং সংস্থার সকল উর্দ্ধতন কর্মকমর্তাবৃন্দ। জিগ্যালোর গাক'র একটি সামাজিক এন্টারপ্রাইজ হিসেবে ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য ন্যায্যমূল্যে বাজারজাত করার মাধ্যমে তাদেরকে আর্থিকভাবে লাভবান করা হচ্ছে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১




## গাক'র কার্যনির্বাহী পর্ষদের নতুন কমিটি গঠন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর কার্যনির্বাহী পর্ষদের নির্বাচন গাক'র প্রধান কার্যালয়, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয় এবং নতুন কমিটি ৮ ই মে ২০২৩ ইং তারিখে অনুমোদন হয়। উক্ত অনুষ্ঠানে নির্বাচন পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক জনাব আবু সাইদ মোঃ কাওছার রহমান। তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনের আহবায়ক হিসেবে নির্বাচন কার্যক্রম পরিচালনা করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এগ্রোনমি এন্ড এগ্রিকালচার এক্সটেনশন বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান। নির্বাচনের মাধ্যমে নতুন কার্যনির্বাহী পর্ষদের মেয়াদকাল ২৪ মার্চ ২০২৩ তারিখ হতে ২৩ মার্চ ২০২৬ পর্যন্ত বলবৎ থাকবে। গাক'র নতুন পর্ষদের তালিকা: ১। অধ্যাপক আবু হাম্মাদ বাকি বিল্লাহ, সভাপতি ২। মোঃ মুছা আলম প্রমানিক, সহ-সভাপতি ৩। ড. খন্দকার আলমগীর হোসেন, সদস্য সচিব ৪। মোছাঃ রিতা খাতুন, কোষাধ্যক্ষ ৫। মোছাঃ রাজিয়া সুলতানা, সদস্য ৬। মোঃ মাজেদুল ইসলাম, সদস্য ৭। মোছাঃ নাজিফা খাতুন, সদস্য।



## শিক্ষাবৃত্তির চেক প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত

গাক ও পিকেএসএফ এর আর্থিক সহায়তায় ঋণ কর্মসূচির আওতাভূক্ত অতিদরিদ্র উপকারভোগী সদস্য পরিবারের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্র/ছাত্রী এবং বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি প্রাপ্তদের মাঝে শিক্ষাবৃত্তির চেক প্রদান ও আলোচনা সভা গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মোট ৪৫ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তির চেক প্রদান করা হয়। গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষাবৃত্তির চেক প্রদান ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক জনাব আবু সাইদ মোঃ কাওছার রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র কার্যনির্বাহী পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক মোঃ আফজাল হোসেন। প্রধান অতিথির বক্তব্যে জনাব আবু সাইদ মোঃ কাওছার রহমান গাক'র এ মহতি উদ্যোগের ভূয়সী প্রশংসা করে বলেন, দরিদ্র মেধাবী ছাত্র/ছাত্রীদের জীবনের স্বপ্ন পূরণে এই শিক্ষাবৃত্তি বিশেষ অবদান রেখে চলেছে এবং তা অব্যহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। এছাড়াও তিনি গাক'র সামাজিক উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রমের উচ্ছসিত প্রশংসা করেন। গাক'র পরিচালক-(এমএফ) জনাব পংকজ কুমার সরকারের সঞ্চালনায় সংস্থার চলমান কার্যক্রমের সফলতা উপস্থাপন করেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র যুগ্ম পরিচালক মোঃ আনিছুর রহমান, যুগ্ম পরিচালক (অর্থ-হিসাব) মোঃ রাফিউল ইসলামসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।



## বগুড়ার বনানীস্থ গাক চক্ষু হাসপাতাল পরিদর্শন শেষে চক্ষু সেবা গ্রহণ করেন দেশ বরেণ্য অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ

বিগত ২ মে ২০২৩ বিকাল ৪:৩০ টায় দেশ বরেণ্য অর্থনীতিবিদ ড. কাজী খলীকুজ্জমান আহমদ বগুড়ার বনানীস্থ গাক চক্ষু হাসপাতাল পরিদর্শন করেন এবং চক্ষু সেবা গ্রহণ করেন। এ সময় সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন তাঁর সহধর্মিনী অধ্যাপিকা ড. জাহেদা আহমদ এবং পিকেএসএফ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন। গাক চক্ষু হাসপাতাল পরিদর্শন কালে তিনি চক্ষু সেবার মান নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং হাসপাতালের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন। চক্ষু হাসপাতাল পরিদর্শনকালে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিস্টার কনর্সান জিগ্যালোর এর ঢাকা আউটলেট উদ্বোধন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" এর ঢাকা আউটলেটে (আরপি টাওয়ার, মিরপুর-১) শুভ উদ্বোধন করেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (সোশ্যাল এন্টারপ্রাইজ) মোঃ রশিদুল ইসলাম, পরিচালক (এমএফ) পংকজ কুমার সরকার, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ এবং পরিচালক (এসএমএপি) আবু রায়হান মিয়া সহ সংস্থার বিভিন্ন স্তরের উর্দ্ধতন কর্মকর্তা ও আমন্ত্রিত অতিথিবৃন্দ।



## পিকেএসএফ-এমডিপি প্রকল্প সমন্বয়কারী ড. মেসবাহউদ্দিন আহমেদ কর্তৃক গাক'র প্রকল্প কার্যক্রম পরিদর্শন

পিকেএসএফ-মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এমডিপি) এর প্রকল্প সমন্বয়কারী ড. মেসবাহউদ্দিন আহমেদ দুই দিনব্যাপী গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর এমডিপি প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। তিনি বগুড়া জেলার মোকামতলা, সোনাতলা, শিবগঞ্জ, শাহাজাহানপুর, শেরপুর এবং বগুড়া সদরের বিভিন্ন এলাকায় ক্লাস্টার ভিত্তিক ক্ষুদ্র উদ্যোগের উদ্যোক্তাদের সময়পোযোগী বিভিন্ন পণ্য উৎপাদন কার্যক্রম পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন পিকেএসএফ এর সহকারি ব্যবস্থাপক আনিকা জামান তাসনিম, গাক'র পরিচালক (এমএফ) পঙ্কজ কুমার সরকার, যুগ্ম পরিচালক মোঃ রবিউল ইসলাম এবং এমডিপি প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। পরিদর্শনে ক্ষুদ্র উদ্যোগের মধ্যে ইমারত নির্মাণ শিল্পের উপকরণ হাতুরী, বাটুল, কর্নি ইত্যাদি তৈরি, শীতকালীন সবজি উৎপাদন, নার্সারি এবং হস্তশিল্পের সাথে মহিলাদের সক্রিয় অংশগ্রহণ দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন।




## গাক'র আয়োজনে বগুড়া রেলওয়ে মার্কেটে ফ্রি স্বাস্থ্য সুরক্ষা সেবা ক্যাম্প অনুষ্ঠিত

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় পেইস প্রকল্পের "কৃষি যান্ত্রিকীকরণ খাতের ক্ষুদ্র উদ্যোগে শোভন কর্ম পরিবেশ উন্নয়ন শীর্ষক উপ-প্রকল্প" এর আওতায় বেসরকারি উন্নয়ন সংস্থা গাক'র আয়োজনে বগুড়া রেলওয়ে মার্কেটে ফ্রি স্বাস্থ্য সুরক্ষা সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য সুরক্ষা ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাক'র পরামর্শক মোঃ মোবারক হোসেন তালুকদার এবং রেলওয়ে মার্কেট সমিতির প্রতিনিধিসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, কৃষি যন্ত্রপাতি উৎপাদনে দক্ষিণ এশিয়ার বৃহৎ হাব হিসেবে পরিচিত বগুড়া জেলা। আর বগুড়া রেলওয়ে মার্কেট লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প দেশের একটি বৃহৎ বাজার। এই মার্কেটে প্রায় ৫০০ শতাধিক ছোট বড় ক্ষুদ্র উদ্যোগে প্রায় ২ হাজারের অধিক শ্রমিক নিয়োজিত আছেন যারা বিভিন্নরকম স্বাস্থ্য ঝুঁকি নিয়ে কাজ করে এ শিল্পকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। মূলত মার্কেটের মালিক, শ্রমিক ও কর্মচারীদের স্বাস্থ্য ঝুঁকি হ্রাস কল্পে গাক কর্তৃক এধরণের ক্যাম্প আয়োজন করা হয়েছে এবং আগামীতেও স্বাস্থ্য সুরক্ষা সেবা চলমান রাখা হবে। এছাড়াও শ্রমিকদের কর্মক্ষেত্রে সুন্দর পরিবেশ, স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা, উন্নতমানের পাবলিক ল্যাট্রিন ও ওয়াশব্লক স্থাপনের পাশাপাশি মহিলা শ্রমিকদের জন্য সুন্দর কর্ম পরিবেশ সৃষ্টি এবং বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কার্যক্রম এই উপ-প্রকল্পের আওতায় বাস্তবায়িত হচ্ছে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১



## বগুড়ায় গাক'র আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষ্যে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি পালিত হয়। সরকারি ও বেসরকারি উদ্যোগে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে দিবসটি উদযাপিত হয়। বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস উপলক্ষ্যে বগুড়ায় ৩দিন ব্যাপী নানা কর্মসূচি আয়োজন করেছে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)। বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ের বটতলা চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন গাক'র প্রধান কার্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এরপর বগুড়ার গাবতলী উপজেলায় শিশু-কিশোরদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় চিত্রাঙ্কন ও বঙ্গবন্ধুর জীবনী নিয়ে রচনা প্রতিযোগিতা। প্রতিযোগিতায় প্রায় শতাধিক শিশু-কিশোর অংশগ্রহণ করে। উক্ত দিবসে দুপুরে বগুড়া ফতেহ আলী এতিমখানা ও মাদ্রাসায় দুস্থ ও এতিম শিশুদের মাঝে উন্নত খাবার পরিবেশন করা হয়। দিনব্যাপী অনুষ্ঠিত আয়োজনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র পরামর্শক মোঃ মোবারক হোসেন তালুকদার, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, এসইপি প্রকল্প ব্যবস্থাপক মোঃ সাইফুল ইসলাম, রেইস প্রকল্পের সমন্বয়কারী মোঃ হাফিজুর রহমানসহ সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




## গাক এসইপি প্রকল্প কর্তৃক বগুড়া রেলওয়ে মার্কেট, ধোলাইখাল মার্কেট, চারমাথা বণিক সমিতি মার্কেট এবং মাটিডালী ক্লাস্টারে পাবলিক টয়লেট এর উদ্বোধন করা হয়।



## মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে বগুড়ার মুক্তির ফুলবাড়ী স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন গাক'র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ



## ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের মান উন্নয়ন, ব্রান্ডিং ও ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় বেসরকারি উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Promoting Agricultural Commercialization and Enterprise (PACE) প্রকল্পের আওতায় "ক্ষুদ্র উদ্যোগে উৎপাদিত পণ্যের মান উন্নয়ন, ব্র্যান্ডিং ও ই-কমার্স ভিত্তিক বিপনন" উপ-প্রকল্পের আওতায় গাক ট্রেনিং সেন্টার, গাবতলী, বগুড়ায় ক্ষুদ্র উদ্যোগে উৎপাদন খাতের সহিত জড়িত উদ্যোক্তাদের অংশগ্রহণে ০২ দিনব্যাপি "ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের মান উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দুই দিনে মোট ৫০ জন হস্তশিল্পের সাথে জড়িত ক্ষুদ্র উদ্যোক্তাগণ এই প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন হস্তশিল্পে অভিজ্ঞ সফল উদ্যোক্তা মোঃ জাফিরুল ইসলাম। তিনি উদ্যোক্তাদের পণ্যের মান উন্নয়ন, আধুনিক ডিজাইন, কাটিং ষ্টাইল এবং পণ্যের ব্রান্ডিং এর উপর বিশদভাবে আলোচনা করেন। এছাড়া তিনি উদ্যোক্তাদের ই-কর্মাস এর উপর গুরুত্ব দিয়ে ফেসবুক বুষ্টিং এবং ইউটিউব চ্যানেল তৈরি করে উৎপাদিত পণ্যের প্রোমোশন ও বিক্রয় কিভাবে করতে হয় সে বিষয়ে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১



## বগুড়ায় গাক'র আয়োজনে রেলওয়ে মার্কেটে অগ্নি নির্বাপণ মহড়া ও আলোচনা সভা অনুষ্ঠিত

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় বেসরকারি উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পেইস প্রকল্পের "কৃষি যান্ত্রিকীকরণ খাতের ক্ষুদ্র উদ্যোগে ৪ এপ্রিল ২০২৩ তারিখে শোভন কর্ম পরিবেশ উন্নয়ন শীর্ষক উপ-প্রকল্পের আওতায় অগ্নি নির্বাপক মহড়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কৃষি যন্ত্রপাতি উৎপাদনে দক্ষিণ এশিয়ার বৃহৎ হাব হিসেবে পরিচিত বগুড়া জেলার রেলওয়ে মার্কেট লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প দেশের একটি বৃহৎ বাজার। এখানে ৫০০ শতাধিক ছোট বড় ক্ষুদ্র উদ্যোগে প্রায় ২ হাজারের অধিক শ্রমিক নিয়োজিত আছেন যারা ঝুঁকিপূর্ণ পরিবেশে কৃষি যন্ত্রপাতি উৎপাদন, মেরামত ও বিক্রয়ের কাজ করছেন। মার্কেটের মালিক, শ্রমিক, কর্মচারীদের কর্মক্ষেত্রে অগ্নি ঝুঁকি হ্রাস কল্পে গাক'র পক্ষ হতে এধরণের আয়োজন করা হয় এবং আগামীতেও এমন আয়োজন চলমান থাকবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মোবারক হোসেন তালুকদার, পরামর্শক, গাক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, এসইপি প্রকল্প ব্যবস্থাপক মোঃ সাইফুল ইসলামসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। অগ্নি নির্বাপক মহড়া পরিচালনা করেন মোঃ আব্দুল হালিম, সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া এবং পুলক কুমার গোস্বামী, ওয়্যারহাউস ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া।




## গাক'র আরএমটিপি-ডেইরী উপ-প্রকল্পের সহায়তায় গরুর মাংসের আচার উৎপাদন ও বাজারজাতকরণ

পিকেএসএফ ও আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় গাক কর্তৃক বাস্তবায়নাধীন "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" উপ-প্রকল্পের আওতায় বিদ্যমান মাংস প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র "বগুড়া মিট" হতে ক্রয় করে মাংসের দ্বারা উদ্যোক্তা মাসুমা আক্তার মাংসের আচার তৈরি করে মিনিপ্যাকে বাজারজাত করছেন এছাড়াও তিনি ৫০০ গ্রাম ও এক কেজির জারে মাংসের আচার বিক্রয় করছেন। বর্তমান দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণে সকল শ্রেণীর ক্রেতার চাহিদা মাথায় রেখে এই মিনি প্যাকেট বাজারে আনা হয়েছে। এই আচার সংরক্ষণের জন্য কোন রেফ্রিজারেটর এর প্রয়োজন নেই। ঠান্ডা ও শুকনো স্থানে রেখে এই মাংসের আচার এক মাসের অধিক সময় সংরক্ষণ করা যায়। খেতে সুস্বাদু এই আচার চাকুরিজীবী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষভাবে উপযোগী এবং রান্নার কোন ঝামেলা নেই। শুধুমাত্র প্যাকেট কেটে গরম ভাত অথবা রুটির সাথে নিমিষেই খাওয়া যায় যা শরীরের আমিষের ঘাটতি পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। উপ-প্রকল্প হতে প্যাকেজিং, ব্রান্ডিং ও মার্কেট প্রমোশন এর জন্য উদ্যোক্তা মাসুমা আক্তার কে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।




## গাক'র আরএমটিপি-ডেইরী উপ-প্রকল্পের সহায়তায় ভ্যাকসিনের কার্যকারিতা অক্ষুন্ন রাখতে এলএসপিদের মাঝে কুল-বক্স বিতরণ

পিকেএসএফ ও আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় গাক কর্তৃক বাস্তবায়নাধীন "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" শীর্ষক উপ-প্রকল্পের আওতায় ভ্যাকসিনের কার্যকারিতা অক্ষুন্ন রেখে খামারীদের নিকট সহজেই ভ্যাকসিন সেবা প্রদানের লক্ষ্যে গাক'র আরএমটিপি প্রকল্প ব্যবস্থাপক ডাঃ জিয়াউর রহমান এলএসপিদের মাঝে কুল-বক্স বিতরণ করেন। এই সময় উপস্থিত ছিলেন প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক’র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১



## মাংস প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট "বগুড়া মিট" স্থাপনে সহায়তা প্রদানের চেক হস্তান্তর করেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন এর সহযোগিতায় " Rural Microenterprise Transformation Project (RMTP) এর আওতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্পের আওতাভুক্ত চলমান কার্যক্রমের ধারাবাহিকতায় আঞ্চলিক পর্যায়ে মাংস প্রক্রিয়াজাতকারী প্ল্যান্ট স্থাপনে বগুড়া মিট, সাবগ্রাম, বগুড়ার স্বত্ত্বাধিকারী মো: শাহজাহান আলীকে ৩ লক্ষ টাকার চেক প্রদান করেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এ সময় উপস্থিত ছিলেন পিকেএসএফ এর আরএমটিপি প্রকল্পের লাইভষ্টক ভ্যালু চেইন সেক্টর স্পেশালিস্ট ড. নিয়াজ মাহমুদ, গাক’র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, সমন্বয়কারী মো: জিয়া উদ্দিন সরদার এবং উপ-প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমানসহ উপ-প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। চেক প্রদানকালে নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন বলেন, প্রাণির পরিবহনজনিত ওজন হ্রাসের পরিমাণ কমিয়ে খামারিদের উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ, পরিবেশ দূষণ রোধ, জুনোটিক রোগের প্রাদূর্ভাব হ্রাস এবং খামারী সংযোগসহ ভোক্তার নিকট সাশ্রয়ী মূল্যে নিরাপদ মাংস বিক্রয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করে প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট “বগুড়া মিট” এর কর্মকান্ড সম্পাদনের পরামর্শ প্রদান করেন।



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় "বিশ্ব মা দিবস ২০২৩" উদযাপন করা হয়। অনুষ্ঠানটি গাক ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাবতলী এর যৌথ আয়োজনে সুসম্পন্ন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব পূজা দেবী, উপজেলা কৃষি কর্মকর্তা, গাবতলী, বগুড়া। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোছাঃ রেকসেনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গাবতলী, বগুড়া।

## সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিশ্ব মা দিবস ২০২৩ উদযাপন

## নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ও 'এগ্রিভিশন'-এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর অর্থায়নে ৬ বছর মেয়াদী Rural Microenterprise Transformation Project (RMTP) দেশব্যাপী বাস্তবায়িত হচ্ছে। RMTP’র আওতায় ‘নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন’ শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প সদস্যদের আয় বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে কাজ করছে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)। ডিজিটাল প্লাটফর্মে এসব কার্যক্রমকে আরো সক্রিয়ভাবে সুবিধাভোগী সদস্যদের মাঝে তুলে ধরতে এগ্রিভিশন ও গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এক সাথে কাজ করবে। এ লক্ষে বিগত ৭ মে ২০২৩ বিকেল ৪টায় গাক’র ঢাকা অফিসে সংস্থার সাথে এগ্রিভিশন-এর মাঝে এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষে সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম এবং এগ্রিভিশন এর পক্ষে কোম্পানীর প্রধান নির্বাহী কৃষিবিদ মো: শফিউল আজম সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) সেক্টর ভ্যালু চেইন স্পেশালিস্ট (লাইভস্টক) ডা. এস এম নিয়াজ মাহমুদ, এগ্রিলাইফ২৪ ডটকম-এর প্রকাশক মিসেস কানিজ ফাতেমা, গাক’র সমন্বয়কারী (কমিউনিকেশন ও ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার এবং আরএমটিপি প্রজেক্ট ম্যানেজার মোঃ রহমত আলী সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এগ্রিভিশনের সাথে প্রান্তিক পর্যায়ের খামারি ও সংশ্লিষ্ট উদ্যোক্তা যুক্ত থাকবেন, ফলে তারা পোল্ট্রি এবং পোল্ট্রিজাত পণ্যের দৈনন্দিন বাজার তথ্য, বাজারপূর্বাভাস ও প্রয়োজনীয় কারিগরি তথ্য জানতে পারবেন বলে উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৩) সংখ্যা ০১




## প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রবীণদের মাঝে হুইল চেয়ার বিতরণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি'র আওতায় গাবতলী উপজেলার সদর ইউনিয়নের তরফসরতাজ গ্রামে অবস্থিত প্রবীণ সামাজিক কেন্দ্রে ৪ জন প্রবীণ সদস্যের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়। প্রবীণদের মাঝে হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাক'র পরামর্শক জনাব মোঃ মোবারক হোসেন তালুকদার, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাবতলী সদর ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ ফারুক আহম্মেদ। এ অনুষ্ঠানে প্রকল্প সমন্বয়কারীসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।




## সমৃদ্ধি কর্মসূচির আওতায় প্রবীণ সামাজিক কেন্দ্রে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচি'র আওতায় গাবতলী উপজেলার সদর ইউনিয়নের তরফসরতাজ গ্রামে অবস্থিত প্রবীণ সামাজিক কেন্দ্রে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়। ফ্রি স্বাস্থ্য কাম্পে রোগী দেখেন বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ এর অর্থোপেডিক ও ট্রমাটোলজিষ্ট ডাঃ মোহাঃ মামুন-উর-রশিদ এবং মেডিকেল অফিসার ডাঃ মোঃ ইমতিয়াজ আল সাফী। ফ্রি স্বাস্থ্য ক্যাম্পের উদ্বোধন করেন গাক'র পরামর্শক মোঃ মোবারক হোসেন তালুকদার। উক্ত ফ্রি স্বাস্থ্য ক্যাম্পে ১৬৭ জন রোগী বিনামূল্যে স্বাস্থ্য সেবা গ্রহণ করেন।



## রেইজ প্রকল্পের শিক্ষানবিশ কার্যক্রমের আওতায় ২ দিনব্যাপী মাস্টারক্রাফটস পার্সন (এমসিপি) ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত

বিশ্ব-ব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন রেইজ প্রকল্পের শিক্ষানবিশ কার্যক্রমের আওতায় ২ দিনব্যাপী মাস্টারক্রাফটস পার্সন (এমসিপি) ওরিয়েন্টেশন কর্মসূচি সংস্থার প্রধান কার্যালয়, গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। প্রকল্প সমন্বয়কারী কৃষিবিদ মোঃ হাফিজার রহমানের সঞ্চালনায় ওরিয়েন্টেশন কর্মসূচির সমাপনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জিয়া উদ্দিন সরদার, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) গাক।




## কৈশোর কর্মসূচির আওতায় কিশোর-কিশোরী ক্লাবের জন্য প্রস্তুতকৃত সাইনবোর্ড বিতরণ

পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় গাক কর্তৃক বাস্তবায়নাধীন কৈশোর কর্মসূচির আওতায় কিশোরী ক্লাবের মাধ্যমে স্বাস্থ্য, পুষ্টি, বাল্যবিবাহ রোধ, নেতৃত্ব উন্নয়ন সহ বিভিন্ন ধরণের সামাজিক সচেতনতা মূলক কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওয়তায় কিশোর-কিশোরী ক্লাবের জন্য প্রস্তুতকৃত সাইনবোর্ড ক্লাব প্রতিনিধিদের মাঝে বিতরণ করা হয়।